# 'বিচার ও সংস্কার হলে ডিসেম্বরেও নির্বাচন সম্ভব': জামায়াত সেক্রেটারি জেনারেল



সংগৃহীত ছবি

আগামী জাতীয় নির্বাচনে অংশগ্রহণ করার ঘোষণা দিয়ে জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিচার ও সংস্কার প্রক্রিয়া দৃশ্যমান হলে ফেব্রুয়ারির পরিবর্তে ডিসেম্বরেও নির্বাচন হতে পারে। তিনি মনে করেন, জুলাই সনদে সব দলের স্বাক্ষর হওয়ার আগেই নির্বাচন কমিশনের ভোটের তারিখ নিয়ে ধারণা দেওয়া কোনো 'পরাশক্তির চাপের' ইঙ্গিত বহন করে

শনিবার (৩০ আগস্ট) খুলনা প্রেসক্লাবের আয়োজনে 'গণঅভ্যুত্থান: গণমাধ্যম ও আগামীর বাংলাদেশ' শীর্ষক এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

সভায় বিএনপির তথ্য বিষয়ক সম্পাদক আজিজুল বারী হেলাল অভিযোগ করেন, 'ফ্যাসিবাদের পলাতক শক্তি ও দিল্লির সরকার বাংলাদেশে একটি পুতুল সরকার বসানোর ষড়যন্ত্র করছে।' তিনি হুঁশিয়ারি দেন, জনগণ সঙ্গে নিয়ে বিএনপি এই ষড়যন্ত্র প্রতিহত করবে।

খুলনা প্রেসক্লাবের সভাপতি এনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন খুলনা মহানগর বিএনপির সভাপতি অ্যাডভোকেট শফিকুল আলম মনা, সাধারণ সম্পাদক শফিকুল আলম তুহিন এবং মহানগর জামায়াতে ইসলামীর আমির অধ্যাপক মাহফুজুর রহমান

LENS ASIA